



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা
www.caab.gov.bd



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬১.৪৮৮.১৫.৬৮০

তারিখ: ৩ আষাঢ়, ১৪২৯

১৭ জুন ২০২২

বিষয়: জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক, সশস্ত্র নিরাপত্তা প্রহরী-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০৮/২০২২) বুজু করণ।

অভিযোগনামা

যেহেতু, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পদায়িত ও সেমসুতে সংযুক্তিকৃত আপনি জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক (পিতা-মোঃ আতাহার উদ্দিন তালুকদার), সশস্ত্র নিরাপত্তা প্রহরি গত ৩১/০৩/২০২২ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্তব্য হতে অনুপস্থিত আছেন এবং এ অনুপস্থিতির কারণে আপনার বেতন-ভাতাদি বন্ধ রাখা হয়;

২.০ যেহেতু, গত ৩১/০৩/২০২২ তারিখ হতে আজ অবধি আপনার এ অনুপস্থিতি ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অতিক্রান্ত হয়েছে এবং এ অনুপস্থিতির ফলে কর্তৃপক্ষের অপারেশনাল কাজে বিঘ্ন ঘটছে; এবং

৩.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৪.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৫০(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি স্ব-শরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১৭-৬-২০২২

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক, পিতা-মোঃ
আতাহার উদ্দিন তালুকদার, সশস্ত্র নিরাপত্তা প্রহরি,
পদায়ন-হশাআবি, সংযুক্তি-সেমসু, বেবিচক (মাধ্যম:
নির্বাহী পরিচালক)। বর্তমান ঠিকানা: বাসা নং-জি-৩/৬,
সিএএবি আ/এ, কাওলা, কুর্মিটোলা, ঢাকা। স্থায়ী ঠিকানা:
গ্রাম-বোতলবুনিয়া, পোস্ট-বোতলবুনিয়া, থানা ও জেলা-

পটুয়াখালী।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬১.৪৮৮.১৫.৬৮০/১(১৩)

তারিখ: ৩ আষাঢ়, ১৪২৯
১৭ জুন ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ২) নির্বাহী পরিচালক (হশাআবি), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৩) নির্বাহী পরিচালক (সেমসু), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।
- ৪) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৫) পরিচালক (সিএনএস), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৭) উপ পরিচালক (প্রশাসন), প্রশাসন (হশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৮) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৯) সহকারী পরিচালক (হিসাব), হিসাব (হশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তার বেতন-ভাতা যথারিতি বন্ধ থাকবে)।
- ১০) সহকারী নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ১১) উচ্চমান সহকারী, প্রশাসন-২ (সদর দপ্তর) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১২) উচ্চমান সহকারী, প্রশাসন-২ (সদর দপ্তর) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১৩) উচ্চমান সহকারী, প্রশাসন-৩ (সদর দপ্তর) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ



১৭-৬-২০২২

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা

www.caab.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক (পিতা-মোঃ আতাহার উদ্দিন তালুকদার), সশস্ত্র নিরাপত্তা প্রহরি গত ৩১/০৩/২০২২ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্তব্য হতে অনুপস্থিত আছেন। বিনানুমতিতে কর্তব্য হতে অনুপস্থিত থাকায় তার বেতন-ভাতাদি বন্ধ রাখা হয়। গত ৩১/০৩/২০২২ তারিখ হতে আজ অবধি তার এ অনুপস্থিতি ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অতিক্রান্ত হয়েছে। তার এ অনুপস্থিতির ফলে কর্তৃপক্ষের অপারেশনাল কাজে বিঘ্ন ঘটছে;

২.০ জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক, সশস্ত্র নিরাপত্তা প্রহরি-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।